গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৮৫/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ২৭ মার্চ ২০১৯, ১৩ চৈত্র ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপন : মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ দেশ গড়ার অঙ্গীকার
জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
২। মহান স্বাধীনতা দিবস উপলক্ষে রাষ্ট্রপতির সংবর্ধনা
৩। তোমরাই গড়বে আগামীর বাংলাদেশ : মহান স্বাধীনতা দিবস উপলক্ষে শিশু-কিশোর সমাবেশে প্রধানমন্ত্রী
৪। মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ডাক বিভাগের আর্থিক সেবা 'নগদ' উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী
৫। স্বাধীনতা দিবস উপলক্ষে ফুল ও মিষ্টি পাঠিয়ে মুক্তিযোদ্ধাদের প্রধানমন্ত্রীর অভিনন্দন
৬। বাংলাদেশের দূতাবাসগুলোতে স্বাধীনতা দিবস উদ্‌যাপন
৭। বাংলাদেশের ৪৯তম স্বাধীনতা দিবসকে যুক্তরাষ্ট্রের
ওয়াশিংটন ডিসি 'বাংলাদেশ দিবস' ঘোষণা করে পত্র জারি
৮। বৈশ্বিক অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় আইএমএফ'র ভূমিকা গুরুত্বপূর্ণ : দিল্লিতে স্পিকার
৯। জাতি গঠনে নেতিবাচক রাজনীতি পরিহার করুন : তথ্যমন্ত্রী
১০। দুর্নীতিমুক্ত দেশ গড়ার অঙ্গীকার গ্রহণের আহ্বান অর্থমন্ত্রীর
১১। মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতিকারীদের জাতি ক্ষমা করবে না : এলজিআরডি মন্ত্রী
১২। ঐতিহ্য ধরে রাখতে চাই নির্ভেজাল বাঙালিত্ব : গণপূর্তমন্ত্রী
১৩। সাতই মার্চের ভাষণের পর আর স্বাধীনতা ঘোষণার প্রয়োজন পড়ে না : রেলমন্ত্রী
১৪। সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে কেবিনে স্থানান্তর

চলমান পাতা-২

১। **মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপন : মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ দেশ গড়ার অঙ্গীকার জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে সমৃদ্ধির পথে দেশকে এগিয়ে নেয়ার অঙ্গীকারে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যে পালিত হয়েছে ৪৯তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। এ উপলক্ষে মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে জাতি। স্বাধীনতা দিবস উদ্‌যাপন উপলক্ষে প্রতিবছরের মতো এবারও জাতীয় পর্যায়ে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) প্রত্যুষে রাজধানীতে একত্রিশবার তোপধ্বনির মাধ্যমে দিবসটির সূচনা হয়। মহান স্বাধীনতা দিবস উপলক্ষে গতকাল ভোরে সাভারে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সকাল ৬টা ১ মিনিটে প্রথমে রাষ্ট্রপতি জাতীয় স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর প্রধানমন্ত্রী শহীদদের ফুলেল শ্রদ্ধা জানান। তাঁরা শহিদবেদিতে পুষ্পাঞ্জলি অপর্ণের পর মুক্তিযুদ্ধে শহিদদের স্বরণে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। এ সময় সশস্ত্রবাহিনীর একটি চৌকস দল গার্ড অভ্‌ অনার প্রদান করে এবং বিউগলে করুণ সুর বেজে উঠে। সাভারে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদনশেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধানমণ্ডির ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। এ সময় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুর প্রতিকৃতির সামনে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৩)।

২। **মহান স্বাধীনতা দিবস উপলক্ষে রাষ্ট্রপতির সংবর্ধনা**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) বঙ্গভবনে এক সংবর্ধনার আয়োজন করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংবর্ধনায় যোগ দেন। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা কেক কাটেন। এ উপলক্ষে লাল-সবুজ রঙের বেলুন অবমুক্ত করা হয়। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী অনুষ্ঠানে অতিথিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। তাঁরা অনুষ্ঠানে উপস্থিত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের খোঁজ-খবর নেন এবং তাঁদের কল্যাণে সব ধরনের সহায়তা প্রদানের আশ্বাস দেন। সূত্র : **সমকাল** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.২,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৫)।

৩। **তোমরাই গড়বে আগামীর বাংলাদেশ : মহান স্বাধীনতা দিবস উপলক্ষে শিশু-কিশোর সমাবেশে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে এগিয়ে নিতে শিশু-কিশোরদের প্রতি আহ্বান জানিয়েছেন। শিশু-কিশোরদের উদ্দেশে তিনি বলেন, বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে হবে তোমাদের। তোমরাই গড়ে তুলবে আগামী দিনের বাংলাদেশ। এ বাংলাদেশ হবে দক্ষিণ এশিয়ার শান্তিপূর্ণ উন্নত সমৃদ্ধ দেশ। তিনি আরো বলেন, আজকের শিশুদের মধ্য থেকে কেউ প্রধানমন্ত্রী হবে, বড় বড় চাকরি করবে, দেশকে এগিয়ে নিয়ে যাবে। আমরা আমাদের শিশুদের সেভাবে গড়ে তুলতে চাই। দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে, দেশকে ভালোবেসে তারা কাজ করবে। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে শিশু-কিশোর সমাবেশে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৪। **মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ডাক বিভাগের আর্থিক সেবা 'নগদ' উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

মহান স্বাধীনতা দিবসে বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল আর্থিক সেবা 'নগদ' এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) গণভবনে স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে স্মারক ডাকটিকিট প্রকাশ এবং নগদ'র উদ্বোধন করেন তিনি। তৃণমূল মানুষের মাঝে আর্থিক লেনদেনের সুবিধা পৌঁছে দিতে ডাক বিভাগ এ সেবা চালু করল, যার মাধ্যমে কম খরচে ও দ্রুত আর্থিক লেনদেন করা যাবে। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।



৫। **স্বাধীনতা দিবস উপলক্ষে ফুল ও মিষ্টি পাঠিয়ে মুক্তিযোদ্ধাদের প্রধানমন্ত্রীর অভিনন্দন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মুক্তিযোদ্ধাদের অভিনন্দন জানিয়েছেন। তিনি শুভেচ্ছার নিদর্শন হিসেবে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের ফুল, মিষ্টান্ন এবং নানা উপহার সামগ্রী পাঠান। রাজধানীর মোহাম্মদপুরের গজনবী রোডস্থ যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পুনর্বাসন কেন্দ্রে (মুক্তিযোদ্ধা টাওয়ার-১) তিনি

তাঁর শুভেচ্ছার নিদর্শনস্বরূপ এ উপহার সামগ্রী প্রেরণ করেন। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং শহীদ পরিবারের সদস্যরা এ সময় প্রত্যেক জাতীয় দিবস এবং উৎসব যেমন স্বাধীনতা দিবস, বিজয় দিবস, ঈদ এবং পহেলা বৈশাখে তাদের স্মরণ করায় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫) **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**৬। বাংলাদেশের দূতাবাসগুলোতে স্বাধীনতা দিবস উদ্‌যাপন**

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে পাকিস্তান, জাপান, পোল্যান্ড, সৌদি আরব, যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন দেশের বাংলাদেশি দূতাবাস এবং মিশনগুলোতে গণহত্যার ওপর আলোচনাসভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। নিউইয়র্কে জাতিসংঘের বাংলাদেশ স্থায়ী মিশন এবং বাংলাদেশ কনস্যুলেটের যৌথ আয়োজনে একযোগে একই সময়ে বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশনায় অংশগ্রহণ করেন বিপুলসংক্যাক প্রবাসী বাংলাদেশি। রাজধানী ঢাকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রধানমন্ত্রীর উপস্থিতিতে জাতীয় সংগীত পরিবেশনকালে বাংলাদেশের সঙ্গে একযোগে একই সময়ে নিউইয়র্কেও জাতীয় সংগীত পরিবেশিত হয়। এ উপলক্ষে ২৫ মার্চ স্থানীয় সময় রাত ১০টায় (বাংলাদেশ সময় ২৬ মার্চ সকাল ৮টা) নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেটে এ জাতীয় সংগীত পরিবেশন কার্যক্রমটি সরাসরি সম্প্রচার করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.৭,ক.২)।

**৭। বাংলাদেশের ৪৯তম স্বাধীনতা দিবসকে যুক্তরাষ্ট্রের**
**ওয়াশিংটন ডিসি 'বাংলাদেশ দিবস' ঘোষণা করে পত্র জারি**

যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসি বাংলাদেশের ৪৯তম স্বাধীনতা দিবসকে 'বাংলাদেশ দিবস' ঘোষণা করেছে। ওয়াশিংটন ডিসির মেয়র মুরিয়েল বাউজার গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) এ ঘোষণাপত্র জারি করেন। ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাস এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। ঘোষণাপত্রে মেয়র বাউজার বলেন, আজ ২৬ মার্চ বাংলাদেশের ৪৯তম স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন করা হচ্ছে। এ দিন বাংলাদেশের জনগণ স্মরণ করছে তাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মুক্তিযোদ্ধাদের বীরত্বগাথা, যার মাধ্যমে তাদের দেশ স্বাধীনতা অর্জন করে। মেয়র বাউজার বাংলাদেশের স্বাধীনতা দিবসে যুক্তরাষ্ট্রে নিযুক্ত রাষ্ট্রদূত এবং জনগণকে শুভেচ্ছা জানান। সূত্র : **সমকাল** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.৬)।

**৮। বৈশ্বিক অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় আইএমএফ'র ভূমিকা গুরুত্বপূর্ণ : দিল্লিতে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বৈশ্বিক অর্থনৈতিক স্থিতিশীলতার জন্য আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি বলেন, এসএআরটিটিএসি (সার্টটেক) একটি শক্তিশালী প্ল্যাটফর্ম যেখানে এ অঞ্চলভুক্ত দেশগুলো আর্থিক নীতি ও কৌশল এবং সামগ্রিক অর্থনীতির সঙ্গে আইএমএফ'র সম্পৃক্ততা ও ভূমিকা সম্পর্কে জানতে পারে। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) ভারতের দিল্লিতে আইএমএফ-সাউথ এশিয়া রিজিওনাল ট্রেনিং অ্যান্ড টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্স সেন্টার (আইএমএফ-এসএআরটিটিএসি) আয়োজিত 'বিল্ডিং ম্যাক্রো ইকোনমিক ক্যাপাসিটি ইন সাউথ এশিয়া' শীর্ষক সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১১,ক.২), **যায়যায়দিন** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.২,ক.১)।

**৯। জাতি গঠনে নেতিবাচক রাজনীতি পরিহার করুন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ জাতি গঠনের স্বার্থে নেতিবাচক রাজনীতি পরিহার করে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকল রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, আসুন, আমরা মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে উন্নত ও সমৃদ্ধ দেশ গড়তে সকলে মিলে একসঙ্গে কাজ করি। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) রাজধানীর কাকরাইলে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরে (ডিএফপি) স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.১৫,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৫)।

**১০। দুর্নীতিমুক্ত দেশ গড়ার অঙ্গীকার গ্রহণের আহ্বান অর্থমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সামগ্রিক অর্থেই এগিয়ে চলেছে। সেই এগিয়ে চলার পথ সুগম করতে আমাদের বিভিন্ন পদক্ষেপ নিতে হবে, দেশকে সুন্দর করে সাজাতে হবে, সবার আগে দুর্নীতি রুখতে হবে। প্রধানমন্ত্রী ঘোষিত দুর্নীতিতে জিরো টলারেন্স নীতিতে আমাদের সবার বিশ্বাস রাখতে হবে। সততা, নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে আমাদের কাজ করতে হবে। তাই দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অনুসরণ করতে হবে। ঘুষ-দুর্নীতি এ দুটি অপরাধ থেকে দেশকে মুক্ত করার প্রতিজ্ঞা করছি। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) কুমিল্লা সদর

দক্ষিণ উপজেলা প্রশাসন আয়োজিত মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের আলোচনা, শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গের ও মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১০,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.১)।

**১১। মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতিকারীদের জাতি ক্ষমা করবে না : এলজিআরডি মন্ত্রী**

স্বাধীনতাবিরোধী বঙ্গবন্ধুর হত্যাকারী মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতিকারীদের এ জাতি কোনোদিন ক্ষমা করবেনা। তাদের সব অপতৎপরতা ঐক্যবদ্ধভাবে মোকাবিলা করতে হবে। গ্রাম হবে শহর এ স্লোগানকে সামনে রেখে প্রতিটি গ্রামকে শহরের সুযোগ-সুবিধা নিশ্চিত করতে কাজ করে যাচ্ছে। প্রত্যেক মানুষের কল্যাণমূলক কাজ করে যাচ্ছি আমরা। এ দেশের ঘুষ, দুর্নীতি, অন্যায়-অবিচার চিরতরে বন্ধ করা হয়েছে। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) কুমিল্লার লাকসামে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠানে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম এ কথা বলেন। তিনি আরও বলেন, বর্তমান সরকারের নেতৃত্বেই দেশে অভূতপূর্ব উন্নয়ন সাধিত হচ্ছে বলেই আজকে দলমত নির্বিশেষে সকলেই ঐক্যবদ্ধ। তাই স্বাধীনতাবিরোধীদের সব ষড়যন্ত্র মোকাবিলায় জাতি ঐক্যবদ্ধ। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.২), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১২ । ঐতিহ্য ধরে রাখতে চাই নির্ভেজাল বাঙালিত্ব : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ.ম. রেজাউল করিম বলেছেন, বাঙালিয়ানাকে সবাই মিলে উজ্জীবিত করতে হবে। হাজার বছরের ঐতিহ্যের বাঙালি সংস্কৃতি, চাল-চলন, পোশাক-পরিচ্ছদ, আচার-অনুষ্ঠান এ সবকিছুকে ধরে রাখতে চাই নির্ভেজাল বাঙালিত্ব। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) রাজধানীর হাতিরঝিলে নৌকাবাইচ প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বাংলাদেশ রোইং ফেডারেশন এ প্রতিযোগিতার আয়োজন করে। সূত্র : **সমকাল** (পৃ.৭,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

**১৩। সাতই মার্চের ভাষণের পর আর স্বাধীনতা ঘোষণার প্রয়োজন পড়ে না : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মোঃ নূরুল ইসলাম সুজন বলেছেন, ৭ই মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ভাষণের পর স্বাধীনতা ঘোষণার আর প্রয়োজন পড়ে না। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) রাজধানীর বেইলিরোডে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজে স্বাধীনতা দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.১)।

**১৪। সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে কেবিনে স্থানান্তর**

সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে আইসিইউ থেকে কেবিনে স্থানান্তর করা হয়েছে। গতকাল (২৬ মার্চ মঙ্গলবার) স্থানীয় সময় বিকেল ৪টায় (বাংলাদেশ সময় দুপুর ২টা) তাঁকে কেবিনে স্থানান্তর করা হয়। সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এখন সুস্থ আছেন। সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয় থেকে এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **সমকাল :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনী ও তার দোসরদের সংঘটিত গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ে সবাইকে একযোগে কাজ করার যে আহ্বান জানিয়েছেন তা যথার্থ উল্লেখ করে অবিলম্বে তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **ইত্তেফাক :** সম্প্রতি ঢাকা শিশু হাসপাতালে আট বছরের এক শিশুর প্রস্রাব পরীক্ষা করে **১৮**টি অ্যান্টিবায়োটিকের মধ্যে **১১**টিই রেজিস্টেন্ট এবং ঢাকার আরেকটি হাসপাতালে এক নবজাতকের মেডিকেল পরীক্ষাতেও **১৮**টি অ্যান্টিবায়োটিক রেজিস্টেন্ট পাওয়া যায় উল্লেখ করে অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**গ.** **সংবাদ :** প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা বাদ দেওয়ার উদ্যোগ নিয়েছে সরকার উল্লেখ করে শ্রেণিভিত্তিক মূল্যায়ন পদ্ধতি চালু করে পরীক্ষা বন্ধ করার সুপারিশ।

**ঘ.** **ভোরের কাগজ :** এইচএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে আগামী **১** এপ্রিল থেকে ৬ মে পর্যন্ত সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী উল্লেখ করে পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষক ও শিক্ষার্থীদের নীতি-নৈতিকতা ও শুদ্ধাচার বিষয়ে শিখন ও প্রশিক্ষণ জোরদার করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** সারাদেশে জাল মুদ্রার ভয়াবহ বিস্তার দেশের অর্থনীতিকে এক বিপদজনক অবস্থায় ঠেলে দিয়েছে উল্লেখ করে অবৈধ মুদ্রা তৈরি চক্রের হোতাদের দ্রুত আইনের আওতায় আনার সুপারিশ।

চ. **নিউ এজ :** মুক্তিযোদ্ধাদের সঠিক তালিকা প্রণয়নের ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** স্বর্ণ চোরাচালানরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশে সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়ন এবং পিছিয়ে পড়া মানুষের জন্য আত্মনিবেদিত এবং আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবিলায় উন্নত নৈতিক গুণসম্পন্ন নাগরিক গড়ে তুলতে শিক্ষাব্যবস্থার আধুনিকায়ন করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **‘রমজানের আগেই বাজার নিয়ন্ত্রণ করুন’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, রমজানে বহুল ব্যবহৃত খাদ্যদ্রব্য ও নিত্যপণ্যের মূল্য যেন কোনোভাবেই বৃদ্ধি না পায় সেদিকে দৃষ্টি দিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা